

সুগন্ধ

প্রিন্ট: ২৪ মে ২০২৫, ০৫:০৪ এএম

রাজধানী

ঢামেকে বর্ণাঢ্য আয়োজনে প্রি-এক্স্যাম্পসিয়া দিবস পালন



আন্তর্জাতিক ডেস্ক

প্রকাশ: ২৩ মে ২০২৫, ০৫:৫৫ এএম

বিশ্ব প্রি-এক্স্যাম্পসিয়া দিবস ২০২৫ উপলক্ষে বৃহস্পতিবার ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক)-এ বর্ণাঢ্য আয়োজনে দিবসটি পালন করা হয়। এবারের মূল বার্তা ছিল- Ask me about PE অর্থাৎ প্রি-এক্স্যাম্পসিয়া সম্পর্কে জিজ্ঞেস করুন, জানুন।

দিনব্যাপী কার্যক্রমের সূচনা হয় এক বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে। এতে অংশ নেন কলেজের অধ্যক্ষ অধ্যাপক কামরুল আলম, হাসপাতালের পরিচালক ব্রিগেডিয়ার মো. আসাদুজ্জামান, স্ত্রী রোগ ও প্রসূতি বিদ্যা বিভাগের প্রধান অধ্যাপক রাশিদা খানম, মাতৃ-দ্রুণ চিকিৎসা ইউনিট প্রধান অধ্যাপক নাসরিন আক্তারসহ শিক্ষক, চিকিৎসক, সেবিকা ও চিকিৎসা শিক্ষার্থীরা।





ঢামেকের মাতৃ-জ্ঞাণ চিকিৎসা ইউনিটের উদ্যোগে অনুষ্ঠিত এ আয়োজনে ছিল শোভাযাত্রা, আলোচনা সভা ও সচেতনতামূলক নাটিকা। নাটিকাটিতে প্রি-এক্স্যাম্পসিয়া রোগের লক্ষণ, চিকিৎসার পদ্ধতি ও প্রতিরোধ সম্পর্কে ধারণা দেওয়া হয়। নাটিকাটির রচয়িতা ও নির্দেশক ছিলেন মাতৃ-জ্ঞাণ চিকিৎসা বিশেষজ্ঞ চিকিৎসক আরিফা শারমিন মায়।

আলোচনায় বক্তারা বলেন, সঠিক তথ্য ও সচেতনতা ছড়িয়ে দিলে ভবিষ্যতে প্রি-এক্স্যাম্পসিয়া থেকে বহু প্রাণ রক্ষা করা সম্ভব। আজকের দিনে আমরা অঙ্গীকার করি—সচেতনতা ছড়াব, মায়েদের পাশে থাকব এবং আগামী প্রজন্মের জন্য একটি সুস্থ ভবিষ্যৎ নিশ্চিত করব।



উল্লেখ্য, প্রি-এক্ল্যাম্পসিয়া হলো গর্ভাবস্থায় সৃষ্ট একটি জটিল রোগ, যা উচ্চ রক্তচাপ এবং দেহের বিভিন্ন অঙ্গের ক্ষতির মাধ্যমে প্রকাশ পায়। এই রোগ বিশ্বব্যাপী অনেক প্রসূতি ও নবজাতকের মৃত্যুর অন্যতম কারণ। বাংলাদেশেও মায়ের মৃত্যুর দ্বিতীয় প্রধান কারণ এই রোগ।

চিকিৎসকদের মতে, এই রোগ অনেক সময় পূর্বাভাস ছাড়াই দেখা দেয়। তবে সঠিক সময়ে শনাক্ত করা গেলে এবং যথাযথ চিকিৎসা গ্রহণ করলে অনেক জীবন বাঁচানো সম্ভব। গর্ভাবস্থার প্রাথমিক পর্যায়ে নিয়মিত স্বাস্থ্যপरीক্ষা করলে মায়ের ওজন, রক্তচাপ, পূর্ববর্তী রোগ যেমন বহুমূত্রতা (ডায়াবেটিস), বৃক্ক রোগ, পারিবারিক উচ্চ রক্তচাপের ইতিহাস বা সন্তান জন্মের সময় খিঁচুনির উপসর্গ বিশ্লেষণ করে একটি ঝুঁকি নিরূপণ পদ্ধতি (গেস্টোসিস স্কোর) নির্ধারণ করা

এই স্কোর যদি ৩ বা তার অধিক হয়, তবে ঐ মায়ের ভবিষ্যতে প্রি-এক্ল্যাম্পসিয়ায় আক্রান্ত হওয়ার আশঙ্কা থাকে। এই সময় একটি সহজলভ্য ও সাশ্রয়ী ওষুধ ব্যবহার করে এ রোগ প্রতিরোধ করা সম্ভব।

ডামেকে বর্ণাঢ্য আয়োজনে প্রি-এক্ল্যাম্পসিয়া দিবস পালন II Pre eclampsia

